



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

16 June 2026

7:35 AM IST

=====

রাষ্ট্র গঠনের ক্ষেত্রে দেশের মধ্যবিত্ত শ্রেণী বিশেষ অবদান যুগিয়ে আসছে এবং জাতীয় গণতান্ত্রিক মোর্চা সরকার মধ্য বিত্ত শ্রেণীর আশা আকাংখা পূরণের জন্য কাজ করতে বদ্ধপরিকর বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মত প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে- গত দশকে প্রশাসনের কাজকর্ম মধ্য বিত্ত শ্রেণীর লোকেদের জীবনধারণের মান উন্নত করার ক্ষেত্রে কেন্দ্রীভূত ছিল। প্রধানমন্ত্রী বলেন যে- সরকার জনসাধারণকে সহজে বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করার পাশাপাশি উন্নত পরিকাঠামো, সুলভ জনসেবা, ব্যয়সাধ্য চিকিৎসা পরিষেবা প্রদান করে তাদের জন্য পরিচ্ছন্ন শহর গড়ে তুলে জনসাধারণের দৈনন্দিন জীবনের সমস্যা অনেকাংশে হ্রাস করেছে।

কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বাঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনার পূর্ণ ব্যবহার, আঞ্চলিক সংহতি সুদৃঢ়করণ এবং যুব প্রজন্ম তথা স্থানীয় প্রতিষ্ঠানগুলির জন্য কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে যোগাযোগ ও স্থায়ী পরিকাঠামোর প্রসার সহ বিনিয়োগ কেন্দ্রিক উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করে আসছে।

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক উন্নয়ন মন্ত্রী নীতিন গাডকারি গতকাল শিলংয়ে উত্তর-পূর্ব ভারত পরিকাঠামো সম্মেলন ও প্রদর্শনীর উদ্বোধন করে বক্তব্য রাখতে গিয়ে একথা বলেন । এই সম্মেলন থেকেই মন্ত্রী শ্রীগাডকাড়ি তিন হাজার ২শ ১৪ কোটি টাকা ব্যয়ে নির্মীয়মান মেঘালয়ের ছটি জাতীয় মহাসড়ক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এই প্রকল্প সড়ক যোগাযোগ ব্যবস্থা উন্নত করা সহ প্রান্তিক অঞ্চলগুলিতে যোগাযোগের সুবিধা তথা মেঘালয় সহ উত্তর-পূর্বাঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে উৎসাহ যোগাবে বলে আশা করা হচ্ছে ।

রাজ্যে সরকারী চাকরি বা পেনশন লাভ না করা স্বাধীনতা সংগ্রামীদের পরিবারকে রাজ্য সরকার সহায়তা করবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা আশ্বাস প্রদান করেছেন । কুশল কোঁয়র স্মৃতি দিবস উপলক্ষে আসাম স্বাধীনতা সংগ্রামী সম্মেলনের উদ্যোগে এবং রাজ্য সরকারের সহযোগিতায় গতকাল গুয়াহাটিতে শহিদ কুশল কোঁয়র স্মারক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী এই আশ্বাস দেন । মুখ্যমন্ত্রী বলেন যে- শহিদদের পরিবারবর্গকে সহায়তা প্রদানের বিষয়টি নিয়ে নিরন্তর আলোচনা অব্যাহত রয়েছে । ডঃ শর্মা বলেন যে- শহিদ কুশল কোঁয়র শুধুমাত্র একজন ব্যক্তি নন, তিনি দেশপ্রেম, ত্যাগ এবং অপরিসীম সাহসের জীবন্ত প্রতীক ছিলেন । তাঁর জীবনগাঁথা আজও প্রতিটি প্রজন্মকে দেশপ্রেমের অনুপ্রেরণা যুগিয়ে আসছে ।

হাইলাকান্দ্রির জেলা ম্যাজিস্ট্রেট জেলায় আইন-শৃংখলা ও সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার সার্থে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । জেলা ম্যাজিস্ট্রেট অভিষেক জৈন এক বিজ্ঞপ্তি জারী করে জানান যে পূর্ব অনুমতি ছাড়া জেলায় সমাবেশ , মিছিল , জনসভা করা

যাবে না । এছাড়া পাঁচ বা ততোধিক ব্যক্তির সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে । এই নিষেধাজ্ঞা আগামী ৫ই জুলাই পর্যন্ত কার্যকর থাকবে বলে জানানো হয়েছে ।

শ্রীভূমি জেলা প্রশাসন থেকে জেলার যোগ্য ব্যক্তিদের থেকে পদ্ম পুরস্কারের জন্য মনোনয়ন আহ্বান করা হয়েছে । জেলা প্রশাসন থেকে জারী করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে মনোনয়নের জন্য সংক্ষেপে মনোনীত ব্যক্তির জীবন বৃত্তান্ত জানাতে হবে । সেখানে সংশ্লিষ্ট ব্যক্তির কৃতিত্ব , অবদান এবং কাজের প্রভাব সংক্ষেপে জানাতে হবে । মনোনয়ন শুধুমাত্র অনলাইনে গ্রহন করা হবে । রাষ্ট্রীয় পুরস্কার পোর্টাল এইচ টি টি পি স্লেশ এওয়ার্ডস ডট জি ও ভি ডট ইন- এ জমা করতে হবে ।

শিলচরের প্রগতিশীল নাগরিক সমন্বয় মঞ্চের পক্ষ থেকে এক প্রতিনিধি দল গতকাল জেলা আয়ুক্ত আয়ুষ গর্গের সঙ্গে সাক্ষাৎ করে শহরের বেহাল সড়কের দ্রুত সংস্কার সহ জমাজল , অপরিষ্কৃত নিকাশি ব্যবস্থা , ট্রাফিক সমস্যা ও সড়কের বিভিন্ন স্থানে গর্ত করে রাখার বিষয় নিয়ে আলোচনা করে । আলোচনা কালে জেলা আয়ুক্ত শ্রীগর্গ জানান যে আগামী ৩০শে জুনের মধ্যে সড়ক সংস্কারের কাজ সম্পন্ন করা হবে । প্রতিনিধি দলে ধুব কুমার সাহা , সঞ্জীব রায় , সীমান্ত ভট্টাচার্য , আশু পাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

ভারতীয় ভূবিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে গতকাল রাত দুটো ৫৯ মিনিটে আসাম সহ উত্তর-পূর্ব ভারতে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে । ভূমিকম্প ছিল রিক্টার স্কেলে তিন দশমিক ছয় । ক্ষয়ক্ষতির কোন খবর পাওয়া যায় নি ।

শ্রীভূমি জেলার জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে শিশুদের ডায়রিয়া প্রতিরোধ এবং জিরো চাইল্ড ডেথ- লক্ষ্যকে সামনে রেখে আজ থেকে জেলায় স্টপ ডায়রিয়া অভিযান শুরু হচ্ছে । জেলার স্বাস্থ্য বিভাগ থেকে জানানো হয়েছে যে এই অভিযানের মাধ্যমে ও আর এস ও জিঙ্ক সাপ্লিমেন্টের ব্যবহার , ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা , নিরাপদ পানীয় জল , অনাময় ব্যবস্থা এবং জনসচেতনতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে । উল্লেখ্য আজ থেকে আগামী ৩১শে জুলাই পর্যন্ত দেড়মাসব্যাপী চলা এই অভিযান শিশুদের ডায়রিয়াজনিত মৃত্যু প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

শিলচরের দেশবন্ধু চিত্তরঞ্জন দাস স্মৃতি রক্ষা সমিতি-র উদ্যোগে আজ স্বাধীনতা সংগ্রামী দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের প্রয়াণ দিবস বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হচ্ছে । এ উপলক্ষে সকাল সাড়ে ৮টায় শহরের ন্যাশনেল হাইওয়ের দেশবন্ধুর প্রতিমূর্তিতে শ্রদ্ধা জানানো হবে । উল্লেখ্য- ১৯২৫ সালে ১৬ই জুন স্বাধীনতা সংগ্রামী দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ প্রয়াত হয়েছিলেন ।
